BUET

# বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

# স্নাতক শ্রেণীতে ভর্তি বিজ্ঞপ্তি

## শিক্ষাবর্ষঃ ২০০৭-২০০৮

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের স্নাতক শ্রেণীতে ২০০৭-২০০৮ শিক্ষাবর্ষে ভর্তিচ্ছু বাংলাদেশের স্থায়ী নাগরিকগণের নিকট থেকে নির্ধারিত ফর্মে দরখাস্ত আহবান করা যাচ্ছে। যে সকল ছাত্র/ছাত্রী ২০০৭ সালে উচ্চ মাধ্যমিক বা তার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে অথবা ২০০৬ সালের নভেম্বর অথবা তার পরে GCE "A" লেভেল এবং ২০০৩ এর নভেম্বর অথবা তার পরে GCE "O" লেভেল সার্টিফিকেট প্রাপ্ত হয়েছে এবং অন্যান্য শর্তপূরণ করেছে শুধুমাত্র তারাই ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন করতে পারবে।

**১। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা**

(ক) প্রার্থীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড থেকে গ্রেড পদ্ধতিতে ৫ এর স্কেলে কমপক্ষে জিপিএ ৪.০ পেয়ে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/দাখিল/সমমানের পরীক্ষায় পাস অথবা বিদেশী শিক্ষা বোর্ড থেকে সমমানের পরীক্ষায় কমপক্ষে সমতুল্য গ্রেড পেয়ে পাস হতে হবে।

(খ) প্রার্থীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড থেকে গণিত, পদার্থ বিজ্ঞান ও রসায়নে প্রতিটিতে ন্যূনতম ৩.৫ জিপি, ইংরেজিতে ন্যূনতম ৩.০ জিপি এবং উপরোক্ত চার বিষয়ে মোট জিপি ন্যূনতম ১৮ পেয়ে উচ্চ মাধ্যমিক/আলীম/সমমানের পরীক্ষায় পাস অথবা বিদেশী শিক্ষা বোর্ড থেকে সমমানের পরীক্ষায় পাস হতে হবে। সকল সঠিক আবেদনকারীর মধ্য হতে মেধার ভিত্তিতে বাছাই করে সর্বাধিক ৬০০০ আবেদনকারীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে। এই বাছাইয়ের জন্য আবেদনকারীদের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় গণিত, পদার্থ বিজ্ঞান ও রসায়ন-এ প্রাপ্ত গ্রেড পয়েন্টসমূহ এবং ইংরেজিতে প্রাপ্ত গ্রেডের এক-তৃতীয়াংশের যোগফলের ভিত্তিতে একটি মেধাতালিকা তৈরী করা হবে। একই যোগফল হওয়া একাধিক আবেদনকারীদের মধ্যে আপেক্ষিক মেধাস্থান নির্ণয়ের জন্য যথাক্রমে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় গণিত, পদার্থ বিজ্ঞান, রসায়ন ও ইংরেজিতে প্রাপ্ত গ্রেড এবং এসএসসি পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-কে অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনা করা হবে। এই মেধা তালিকার ক্রমানুসারে সর্বাধিক ৬০০০ আবেদনকারীকে বাছাই করে "ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য আবেদনকারীদের তালিকা" প্রকাশ করা হবে।

(গ) GCE "O" লেভেল এবং GCE "A" লেভেল পাস করা প্রার্থীদের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য GCE "O" লেভেল পরীক্ষায় কমপক্ষে (পদার্থ বিজ্ঞান, রসায়ন, গণিত এবং ইংরেজি সহ) পাঁচটি পেপারে গড়ে B গ্রেড এবং GCE "A" লেভেল পরীক্ষায় পদার্থ বিজ্ঞান, রসায়ন ও গণিতের প্রতিটিতে ন্যূনতম B গ্রেড পেয়ে পাস হতে হবে।

(ঘ) ন্যূনতম যোগ্যতা পূরণ সাপেক্ষে সব উপজাতীয় প্রার্থী ও ন্যূনতম সমমান গ্রেড প্রাপ্ত বিদেশী শিক্ষা বোর্ড থেকে উত্তীর্ণ প্রার্থীরাও ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের উপযুক্ত বলে বিবেচিত হবে।

**২। আসন সংখ্যা**

পার্বত্য চট্টগ্রাম ও অন্যান্য এলাকার উপজাতীয় প্রার্থীদের জন্য ইঞ্জিনিয়ারিং এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগসমূহের ৩টি এবং স্থাপত্য বিভাগে ১টি, মোট ৪টি সংরক্ষিত আসনসহ সর্বমোট আসন সংখ্যা সর্বোচ্চ ৮৮৫।

**৩। দরখাস্ত করার নিয়ম**

প্রতিটি গ্রুপের জন্য ওএমআর (OMR) ফরমসহ দরখাস্ত ফরম ও ভর্তি পরীক্ষার নিয়মাবলী নিচের ছকে উল্লেখিত ফিস নগদ প্রদান করে রেজিস্ট্রার অফিস হতে সরাসরি সংগ্রহ করা যাবে।

| গ্রুপ | বিভাগ | দরখাস্ত ফরম ও ভর্তি পরীক্ষার নিয়মাবলী বাবদ প্রদেয় ফিস |
|---|---|---|
| "ক" | ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ | ৫০০/- (পাঁচশত) টাকা। |
| "খ" | স্থাপত্য বিভাগ | ৫০০/- (পাঁচশত) টাকা। |
| "ক" ও "খ" | "ক" ও "খ" গ্রুপ সকল বিভাগ | ৭০০/- (সাতশত) টাকা। |

দরখাস্ত গ্রহণের শেষ তারিখের মধ্যে পূরণকৃত ফরম প্রয়োজনীয় দলিলাদিসহ সরাসরি রেজিস্ট্রার অফিসে জমা দিতে হবে। ডাকযোগে/কুরিয়ারে কোন ফরম বিতরণ বা গ্রহণ করা হবে না।

**৪। দরখাস্ত গ্রহণ, ভর্তি পরীক্ষা ইত্যাদির তারিখ ও সময়সূচি**

| | |
|---|---|
| ১। ভর্তি ফরম বিতরণ | ২৫ সেপ্টেম্বর ২০০৭, মঙ্গলবার হতে ১১ অক্টোবর ২০০৭, বৃহস্পতিবার সকাল ৯:০০ মিনিট থেকে বিকাল ৩.৩০ মিনিট পর্যন্ত এবং ১৬-১৭ অক্টোবর, ২০০৭ সকাল ৯:০০ মিনিট থেকে বিকাল ৫.০০ মিনিট পর্যন্ত। |
| ২। ভর্তির আবেদনপত্র রেজিস্ট্রার অফিসে সরাসরি জমা দেয়ার শেষ তারিখ | ১৭ অক্টোবর ২০০৭, বুধবার বিকাল ৫:০০টা। |
| ৩। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য প্রার্থীদের নামের তালিকা প্রকাশ | ৩১ অক্টোবর ২০০৭, বুধবার বিকাল ৫:০০টা। |
| ৪। ভর্তি পরীক্ষার তারিখ ও সময় | ৮ নভেম্বর ২০০৭, বৃহস্পতিবার সকাল ৯:০০টা হতে বিকাল ৩:৩০ মিনিট পর্যন্ত। |
| ৫। ভর্তির জন্য যোগ্য প্রার্থীদের নামের তালিকা প্রকাশ | ২৯ নভেম্বর ২০০৭, বৃহস্পতিবার। |

শুক্রবার দিন ও সরকার ঘোষিত ছুটির দিন ফরম বিতরণ ও গ্রহণ বন্ধ থাকবে।

বিশেষ দ্রষ্টব্যঃ পদার্থ বিজ্ঞান, রসায়ন, গণিত এবং ইংরেজি বিষয়ের প্রশ্ন শতকরা ৫০ ভাগ objective type হবে, যার মূল্যায়ন OMR দ্বারা করা হবে। বাকী শতকরা ৫০ ভাগ পরীক্ষার প্রশ্ন প্রণয়ন ও মূল্যায়ন প্রচলিত পদ্ধতিতে করা হবে। মুক্তহস্ত অংকন পরীক্ষার প্রশ্ন প্রণয়ন ও মূল্যায়ন সম্পূর্ণভাবে প্রচলিত পদ্ধতিতে করা হবে।

জিডি-৩২৩০

রেজিস্ট্রার